গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা-১২০৭

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- কমিঃ ক্লিঃ স্বাঃ সহাঃ ট্রাস্ট/তহবিল পরিচালনা বিধিমালা-১০/২০২০/৫১

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২৮
২৮ মার্চ, ২০২২

বিষয়ঃ ঃ স্থানীয় পর্যায়ে কমিউনিটি ক্লিনিকের তহবিল (ফাণ্ড) গঠন এবং হিসাব পরিচালনা সংক্রান্ত।

সূত্রঃ স্মারক নং আরসিএইচসিআইবি/প্রশাসন/অশা-১৯৬/২০১২/১৬৭৭, তারিখঃ ২১/০৮/২০১৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের পাশাপাশি সামাজিক সংগঠন, বেসরকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহযোগিতায় দেশের গ্রামীণ জনগণের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্য সেবা পৌছানোর উদ্দেশ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট গঠন করা হয়। এটি কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ দ্বারা পরিচালিত। কমিউনিটি ক্লিনিক বর্তমান সরকারের একটি উদ্ভাবনী উদ্যোগ। এটি পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর একটি অনন্য উদাহরণ। কমিউনিটি ক্লিনিক গড়ে উঠেছে জনগণের দানকৃত জমিতে। সরকার ভবন নির্মাণ, সেবাদানকারী নিয়োগ, ঔষধসহ প্রয়োজনীয় অন্যান্য এমএসআর সামগ্রী সরবরাহ করছে এবং উহার পরিচালনা ও ব্যবস্থাপনা করছে সরকার ও জনগণ সম্মিলিতভাবে।

কমিউনিটি ক্লিনিক তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানকারী একটি প্রতিষ্ঠান। কমিউনিটি ক্লিনিকগুলির সুষ্ঠু পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য ছোটখাট মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ, পরিস্কার-পরিচ্ছন্নতা, নিরাপত্তা, দুস্থ অসহায় ঝুঁকিপূর্ণ গর্ভবতী মা, জরুরী ও মারাত্মক এবং গরীব রোগীদের উচ্চতর পর্যায়ের প্রতিষ্ঠানে পৌছানো, স্থানীয়ভাবে উপযোগী উদ্ভাবনীমূলক কোন কর্মসূচী বাস্তবায়নে কমিউনিটি গ্রুপ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তবে এজন্য স্থানীয়ভাবে চলতি তহবিল সংগ্রহ করা এবং উক্ত তহবিলের হিসাব সুষ্ঠুভাবে পরিচালনা করা একান্ত আবশ্যক। এক্ষেত্রে কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট তহবিল বিধিমালা, ২০২১ এর বিধি ৫ প্রণিধানযোগ্য।

বিধি ৫ ঃ স্থানীয় চলতি তহবিলের হিসাব পরিচালনা ঃ (১) কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইনের ধারা ১৪ এর উপ-ধারা (৬) এর বিধান অনুযায়ী স্থানীয় পর্যায়ে সংগৃহীত অর্থ কমিউনিটি ক্লিনিক এর নামে স্থানীয় ব্যাংক হিসাবে জমা রাখিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্থানীয় চলতি তহবিলের অর্থ হইতে কমিউনিটি গ্রুপের সিদ্ধান্ত অনুযায়ী কমিউনিটি ক্লিনিকের উন্নয়ন বা মেরামত কার্য নির্বাহের জন্য প্রতি ৩ (তিন) মাসে সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত পরিমাণের অতিরিক্ত অর্থ ব্যয়ের আবশ্যকতা দেখা দিলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অনুমোদন গ্রহণক্রমে উপ-বিধি (১) এ উল্লিখিত তহবিল হইতে প্রতি ৩ (তিন) মাসে সর্বোচ্চ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করা যাইবে।

এমতাবস্থায়, কমিউনিটি ক্লিনিকের ছোটখাটো মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ, পরিস্কার-পরিচ্ছন্নতা, সেবাগ্রহীতাদের উচ্চতর পর্যায়ে রেফারকালে যাতায়াত সহায়তাসহ অন্যান্য কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যে কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট তহবিল বিধিমালা, ২০২১ এর বিধি ৫ এর আলোকে স্থানীয় চলতি তহবিলের হিসাব পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

28/3/22

(তুলসী রঞ্জন সাহা)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট
স্বাস্থ্য সেবা বিভাগ
বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
----------------------------

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. পরিচালক (স্বাস্থ্য) ......................... বিভাগ (সকল)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৬. সিভিল সার্জন, ......................... (সকল)।
৭. অফিস কপি।

D:\Sarmily\Bangla letters doc.